

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ অধিশাখা

নং-৩৩.০০.০০০০.১২৭.১২.০০৪.১৪(অংশ-১)-০৪

তারিখঃ ২১ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মৎস্য সম্পদ ধ্বংসকারী অবৈধ জাল নির্মূলকরণ সংক্রান্ত “বিশেষ কন্সিং অপারেশন-২০২০” বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবহিত করা যাচ্ছে যে, ১ম ধাপে ০৭ জানুয়ারি হতে ১৩ জানুয়ারি পর্যন্ত ০৭ (সাত) দিন এবং ২য় ধাপে ২১ জানুয়ারি হতে ২৮ জানুয়ারি পর্যন্ত ০৮ (আট) দিনসহ দুইধাপে মোট ১৫ (পনের) দিনব্যাপী ১৩টি জেলায় যথা-ভোলা, পটুয়াখালী, নোয়াখালী, বরগুনা, কক্সবাজার, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, বরিশাল, চট্টগ্রাম, পিরোজপুর, চাঁদপুর ও মুন্সীগঞ্জ মৎস্য সম্পদ ধ্বংসকারী অবৈধ জাল নির্মূলকরণ সংক্রান্ত “বিশেষ কন্সিং অপারেশন-২০২০” পরিচালনা করা হবে।

০২। জেলা পর্যায়ে ইলিশ সম্পদ উন্নয়নের জন্য জেলা প্রশাসকের নেতৃত্বে একটি জেলা টাঙ্কফোর্স রয়েছে। উক্ত টাঙ্কফোর্স এর মাধ্যমে অভিযানটি সফল করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ
(হাফছা বেগম)
উপসচিব
ফোন-৯৫৪৫৮১৯

ই-মেইলঃ fisheries-2@mofl.gov.bd


মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩৩.০০.০০০০.১২৭.১২.০০৪.১৪(অংশ-১)-০৪(৭)

তারিখঃ ২১ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/খুলনা।
- ০২। মহাপরিচালক (চ.দা.), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, ভোলা/ পটুয়াখালী / নোয়াখালী /বরগুনা / কক্সবাজার / খুলনা / বাগেরহাট /সাতক্ষীরা / বরিশাল / চট্টগ্রাম / পিরোজপুর/ চাঁদপুর/ মুন্সীগঞ্জ।
- ০৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। অতিরিক্ত সচিব (মৎস্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। অফিস কপি/মাস্টার কপি।


(হাফছা বেগম)
উপসচিব